কুলবোধিনী

প্রথম ভাগ।

শ্রীকামিনী কুমার ঘটক

কর্ত্তৃক

সংগৃহীত ও প্রকাশিত।

মুন্সীগঞ্জ (ঢাকা) বীণাপাণি মেসিন যন্ত্রে

শ্রীশরচ্চন্দ্র গুহ দ্বারা মুদ্রিত।

১৩২২

মূল্য ।৵০ ছয় আনা।

২৮৩৪
কা৭৮

7

৪০৩৭

প্রকাশকের নিবেদন।

রাঢ়ী শ্রেণীয় ব্রাহ্মণগণ সহস্র বর্ষ যাবৎ বাঙ্গলা দেশে বাস করিতেছেন। পূর্ব্বে ইহাদের বাস রাঢ় ও বঙ্গে ছিল, এক্ষণ বঙ্গের সর্ব্বত্রই রাঢ়ী শ্রেণীয় ব্রাহ্মণগণ বাস করিতেছেন। বর্ত্তমান সময়ে বরেন্দ্র স্থানে রাঢ়ী এবং রাঢ় বঙ্গে বারেন্দ্র শ্রেণীর ব্রাহ্মণগণ বাস করিলেও প্রাচীন কালীয় রাঢ় বঙ্গেই প্রধানতঃ রাঢ়ী শ্রেণীয় ব্রাহ্মণ গণের বাসভূমি বর্ত্তমান সময়ে দৃষ্ট হয়। ৩৪। ৩৫ পুরুষ যাবৎ রাঢ়ী শ্রেণীয় ব্রাহ্মণ এদেশে বাস করিতে-ছেন, ইহাদের সংখ্যা বহুলক্ষ। এই বহুজন সমৃদ্ধ রাঢ়ীয় ব্রাহ্মণ বংশের ইতিহাস এবং প্রত্যেক ব্যক্তির বংশ ও কুল বংশ পরম্পরায় বর্ষে বর্ষে রীতিমত ধারাবাহিক রূপে লিপিবদ্ধ হইয়া বহু গ্রন্থের সৃষ্টি হইয়াছে।

প্রকৃত বিশুদ্ধরূপে লিখিত বংশাবলী অতি অল্প জাতির মধ্যেই দৃষ্ট হয়। প্রাতঃস্মরণীয় মহারাজ আদিশূর কর্তৃক আনীত পঞ্চ ঋষির সন্তান গণকে মহাত্মা বল্লাল সেন কৌলীন্য মর্য্যাদা প্রদান ও বহু সম্মানে ভূষিত করার পরে ঐ পঞ্চ ঋষির সন্তান গণ মধ্যে কেহ কেহ কুলাচার্য্যের পদ প্রাপ্ত হন। প্রত্যেক ব্যক্তির বংশ মর্য্যাদা, উদ্বাহ সম্বন্ধ প্রভৃতি নানা আবশ্যকীয় বিষয় এবং কুলীনদের মধ্যে কেহ অব্রাহ্মণোচিত কার্য্য করেন কিনা, কুলীন ও শ্রোত্রীয় গণ স্বীয় স্বীয় গুণে প্রতিষ্ঠিত আছেন কিনা, ইত্যাদি বিষয় কুলাচার্য্য গণ স্বীয় স্বীয় গ্রন্থে লিপিবদ্ধ করিতেন। সমাজের দোষ গুণের বিচার কর্ত্তা কুলাচার্য্য গণ ছিলেন, কুলাচার্য্য গণ "কুলাচার্য্য" "কুলজ্ঞ" বা "ঘটক" নামে অভিহিত হইতেন। কুলাচার্য্য গণের ভরণ পোষণের ভার সমাজের উপর ন্যস্ত ছিল। রাঢ়ী শ্রেণীর ব্রাহ্মণ গণ ঘটক গণকে বিবাহাদি কার্য্যোপলক্ষে যে দান করিতেন, ঘটক গণ তদ্দারাই সন্তুষ্টচিত্তে স্বীয় স্বীয় পরিবার প্রতিপালন করিয়া আসিতে ছিলেন। এই সহস্র বর্ষ যাবৎ ঐ বংশাবলী লিখার সঙ্গে সঙ্গে সামাজিক রীতি নীতি এবং সমাজের শ্রেষ্ঠ লোকের সংক্ষিপ্ত জীবনী লিখিত হওয়ায় কুলাচার্য্য গণ

কর্ত্তৃক সমাজের এক বিশেষ উপকার সাধিত হইয়া আসিতেছিল। ঘটকগণ যে কেবল কুলশাস্ত্রই অধ্যয়ন ও অধ্যাপনা করিতেন এমন নহে। উঁহারা নানা শাস্ত্রে পণ্ডিত এবং আচারাদি বিষয়ে সমাজের অগ্রণী ছিলেন বর্ত্তমান সময় পর্য্যন্তও রাঢ়ীয় কুলাচার্য্য গণ অন্য জাতির কি অন্য শ্রেণীয় ব্রাহ্মণের অন্ন বা দান গ্রহণ করেন না। রাঢ়ী শ্রেণীয় ব্রাহ্মণ সমাজে কুলাচার্য্য গণের সম্মান এত অধিক ছিল যে দেবীবর ঘটক কর্ত্তৃক মেল বন্ধন সকল উচ্চ শ্রেণীর কুলীন গণ শিরোধার্য্য করিয়া লইয়াছিলেন। ফলে রাজশক্তি ও সমাজ শক্তি কর্ত্তৃক বর্দ্ধিত-সম্মান ঘটক গণ সমাজে এক বিশিষ্ট শ্রেণী বলিয়া গণ্য হইয়া ছিলেন। রাঢ়ী শ্রেণীর ব্রাহ্মণ গণ মধ্যে যে কত অসংখ্য কৃতি লোক জন্ম গ্রহণ করিয়াছেন তাহার ইয়ত্তা নাই। দায়ভাগকার জীমূত বাহন, অশেষ শাস্ত্রজ্ঞ ও প্রসিদ্ধ আভিধানিক হলায়ুধ, আর্য্যাসপ্তশতীর রচয়িতা গোবর্দ্ধনাচার্য্য, প্রসিদ্ধ কবি জয়দেব গোস্বামী, মহাভারতের টীকাকার অর্জ্জুন মিশ্র, মহামোহপাধ্যায় প্রসিদ্ধ পণ্ডিত মতিমান্ মেধাতিথি, প্রসিদ্ধ স্মার্ত্তশূলপাণি ও স্মার্ত্তচূড়ামণি রঘুনন্দন, অমরকীর্ত্তি নৈয়ায়িক বাসুদেব সার্ব্বভৌম, ধার্ম্মিক চূড়ামণি কেশব ভারতী, ভাগবত

প্রভৃতি গ্রন্থের টীকাকার অখিলশাস্ত্র রহস্যবিৎ শ্রীধর স্বামী, বঙ্গ ভাষায় রামায়ণ প্রণেতা পণ্ডিত কীর্ত্তিবাস, ধর্ম্মমঙ্গল প্রণেতা ঘনরাম, অন্নদামঙ্গল প্রণেতা ভারতচন্দ্র প্রভৃতি দেশের শিরোভূষণ ব্যক্তিগণ সমুদয়ই বাঙ্গালী ও রাঢ়ী শ্রেণীয় ব্রাহ্মণ। ইঁহাদের সকলেরই আনুপূর্ব্বিক বংশাবলী ঘটক গণের গ্রন্থে লিপিবদ্ধ আছে। প্রাচীন মহাত্মাদিগের আবির্ভাব তিরোভাবের কাল নির্ণয় লইয়া অনেক বাক্ বিতণ্ডা হইয়া থাকে কিন্তু কুলাচার্য্য গণের কীটদষ্ট পুরাতন গ্রন্থ গুলি দেখিলে কাহারও সে বিষয়ে কোন সংশয়ের অবকাশ থাকেনা। কুলাচার্য্যগণ পুরুষ পরম্পরায় যে বংশাবলীর বিস্তৃত বিবরণ লিপিবদ্ধ করিয়া আসিতে ছিলেন বর্ত্তমান সময়ে তাহা আর লিপিবদ্ধ হইতেছে না। সমাজের ও ঘটক দিগের দোষে ও অমনোযোগিতায় কুলশাস্ত্র আর লিখিত বা আলোচিত হইতেছে না। ঘটক বংশও প্রায় নিঃশেষ হইয়া আসিতেছে। পূর্ব্বে পশ্চিম ও পূর্ব্ব বঙ্গে পণ্ডিতাগ্রগণ্য ঘটক গণের বাসস্থান ছিল। সাধারণতঃ পূর্ব্ববঙ্গের ঘটক গণ পূর্ব্ববঙ্গে ও পশ্চিম বঙ্গের ঘটক গণ পশ্চিম বঙ্গের কুলীনদের বংশ ও কুল লিখিতেন কিন্তু ব্যবসায় উপলক্ষে উভয় বঙ্গের ঘটক গণ উভয় বঙ্গে সমবেত হইতেন এবং সময়

সময় উভয় বঙ্গের ঘটক গণ পরস্পরের গ্রন্থ অবলম্বন করিয়া বর্ষে বর্ষে উভয় বঙ্গের কুলীন দিগের বংশ, কুল, দোষ, গুণ ও সামাজিক অবস্থা লিপিবদ্ধ করিয়া আনি-তেন ও রাখিতেন। তদনুসারে সমস্ত রাঢ়ী শ্রেণীয় ব্রাহ্মণ দের বংশাবলী অভ্রান্তরূপে কুলাচার্য্যদের নিকট লিখিত থাকিত এবং এখন পর্য্যন্তও আছে। পূর্ব্ব ও পশ্চিম বঙ্গের রাঢ়ীয় ব্রাহ্মণ গণ এমন ঘনিষ্ট সম্পর্কে সম্পর্কিত যে একই ব্যক্তির পুত্র পৌত্র প্রপৌত্র উভয় বঙ্গে বসতি করিতেছেন; কিন্তু উহাদের পরস্পর পরিচয়াদি ঘটকগণ করিয়া দিতেন এখন ঘটক শ্রেণী প্রায় নিঃশে-ষিত হওয়ায় এবং যাঁহারা বর্ত্তমান আছেন তাঁহাদের মধ্যে অনেক ব্যবসায়ান্তর অবলম্বন করায় অধিকন্তু যাহারা ঘটকতা ব্যবসায়ী তাহাদের মধ্যে অনেকেরই বিশেষ অভিজ্ঞতা না থাকায় পূর্ব্ব পশ্চিম বঙ্গের রাঢ়ীয় ব্রাহ্মণ গণ পরস্পর ঘনিষ্ঠ আত্মীয় দের মধ্যে কেহ কাহাকে চিনেন না ও জানেন না এবং হিন্দু শাস্ত্রানুমোদিত অশৌচাদি গ্রহণ না করিয়া প্রায়শ্চিত্তার্হ হন এবং স্বজন গণ সহ পরিচয় না থাকা নিবন্ধন পরস্পরের প্রতি মমতা হীন হইয়াছেন ও হইতেছেন।

যে ব্যবসায়ে জীবনোপায়ের সংস্থান নাই বা যে

ব্যবসায়ে বিশেষ কোন সম্মান নাই সে ব্যবসায়ের দিকে কোন্ বুদ্ধিমান ব্যক্তি যাইতে চাহেন ? ব্যবসায়ের সম্মান ও অর্থাগম এই উভয় দিকে লক্ষ্য রাখিয়াই মানুষ একটা ব্যবসায় অবলম্বন করে। ঘটকের ব্যবসায় এখন আর তেমন সম্মান জনক নহে, অর্থাগম তো একেবারেই নাই, সুতরাং মেধাবী ও বুদ্ধিমান্ লোক এখন আর ঘটকতা ব্যবসা অবলম্বন করিতে চাহেন না। তদ্ধেতু ঘটক শ্রেণীতে বর্ত্তমান সময়ে বিদ্বান ও বুদ্ধিমান লোক অনেকেই ঘটকতা ব্যবসায়ী নহেন। ঘটকতা ব্যবসায়ী প্রাচীন ব্যক্তিগণ মধ্যে অনেকেই গতাসু হইয়াছেন আর দুই চারিজন ব্যক্তি পরলোক গমন করিলেই কুলশাস্ত্র একেবারে লোপ হইবার সম্ভব। পশ্চিম বঙ্গের কুলাচার্য্য গণ প্রায় সকলেই ঘটকতা ব্যবসা ত্যাগ করিয়াছেন এমনকি ঘটক উপাধি পর্য্যন্ত উঁহারা ত্যাগ করিয়া পূর্ব্বোপাধি (বন্দ্যোপাধ্যায়, গাঙ্গোপাধ্যায়, মুখোপাধ্যায়, চট্টোপাধ্যায় প্রভৃতি) গ্রহণ করিয়াছেন।

পূর্ব্ব বঙ্গের ঘটক গণ যদিও ঘটক উপাধি রাখিয়াছেন তথাপি ঘটকতা ব্যবসা অনেকেই পরিত্যাগ করিয়াছেন। মেধাবী ও বুদ্ধিমান ঘটক সন্তান গণ স্কুল কলেজে প্রেরিত হইতেছে, টোলে কেহই যায় না। যাহারা

ব্যবসায়ান্তরের অযোগ্য তাহারাই কেহ কেহ এই ব্যবসায়ে থাকে, কিন্তু তাহাও আর থাকিবেনা। নৈরা নিবাসী দেশ প্রসিদ্ধ ঘটক চৌধুরী গণ পূর্ব্বেই দৌহিত্র সন্তানে এই ব্যবসা ন্যস্ত করিয়া ঘটকতা ব্যবসায় পরিত্যাগ করিয়াছেন, কেবল পাঁচগাও নিবাসী ঘটক চৌধুরী মহাশয় দিগের জমিদারী বিলুপ্ত হওয়াদি কারণে কেহ কেহ কয়েক বৎসর যাবৎ পুনঃ ঘটকতা ব্যবসায় অবলম্বন করিয়াছিলেন এইক্ষণ শ্রীযুক্ত কালীপ্রসন্ন রায় ঘটক বি এ ও শ্রীযুক্ত রসিকচন্দ্র রায় ঘটক বি এ প্রভৃতির উদ্যোগে পূর্ব্ব পরিত্যক্ত এই ব্যবসায় ইহারা পুনঃ পরিত্যাগ করিবার জন্য যত্নবান হইয়াছেন।

রাঢ়ী শ্রেণীয় কুলাচার্য্যের পদ কতকাল যাবত সৃষ্টি হইয়াছে, যাঁহারা আদি ঘটক ছিলেন তাঁহাদের বংশধর কেহ আছেন কিনা এবং বর্ত্তমান সময়ে যাঁহারা রাঢ়ী শ্রেণীর কুলজ্ঞ তাঁহারা কত পুরুষ পরম্পরায় ঘটকতা কার্য্য করিয়া আসিতেছেন তাহা আলোচনা করা যাউক। আদিশূর যখন যজ্ঞার্থ পঞ্চ ঋষিগণকে আনয়ন করেন তৎকালে ঘটক পদসৃষ্টি হওয়ার কোন কারণ নাই। বল্লাল সেন কি লক্ষ্মণ সেনের উদ্যোগে কুলাচার্য্যের পদ সৃষ্টি হইয়াছে কি সমাজ কর্ত্তৃক কুলাচার্য্যের পদ প্রতিষ্ঠিত

হইয়াছে তাহা বিবেচনা করা যাউক। ঘটক সিংহ দেবী-বর কর্ত্তৃক মেল বন্ধনের কাল আনুমানিক অন্যূন ৪০০ চারিশত বৎসর। ছত্রিশটী মেল মধ্যে "গোপালঘটকী মেল" মুখোপাধ্যায় বংশীয় গোপালঘটকের নামে, "দশরথ ঘটকী মেল" ঐ বংশীয় দশরথ ঘটকের নামে, "ভৈরব ঘটকী মেল বাবলার বন্দ্য বংশীয় ভৈরব ঘটকের নামে, ও "সুরাই মেল" পূতিতুণ্ডু বংশীয় সুরাই ঘটকের নামে সৃষ্টি হয় এবং তৎকালে উহারা সকলেই জীবিত ছিলেন। বন্দ্যবংশীয় ধ্রুবানন্দ মিশ্র ঐ সময়ে বৃদ্ধ ঘটক ছিলেন। ধ্রুবানন্দ মিশ্রের প্রপিতা মহ হরিমিশ্র ঘটক ছিলেন। দেবীবরের পিতার নাম সর্ব্বানন্দ ঘটক। মুখোপাধ্যায় বংশীয় খরদহ মেলের প্রসীদ্ধ কুলীন যোগেশ্বর পণ্ডিতের পিতা হরিমিশ্র ঘটক ছিলেন। শ্রীহর্ষের বংশীয় প্রসিদ্ধ অর্জ্জুন মিশ্র ঘটকতা করিতেন। ইঁহারা সকলেই কুলীন এবং সমাজের নেতা ছিলেন। দেবীবর অপেক্ষা কৃত ছোট কুলীন তথাপি কুলাচার্য্য বলিয়া তাঁহার এত সামাজিক প্রভুত্ব ছিল যে তিনি যাহাকে নিস্কুল বলিলেন তিনি তৎক্ষণাৎ নিস্কুল হইলেন। সুতরাং মেল বন্ধনের বহু পূর্ব্বে ঘটকতা পদের সৃষ্টি না হইলে সমাজে ঘটক গণের ঈদৃশী ক্ষমতা হওয়ার সম্ভাবনা

ছিল না। এড় মিশ্রি একজন প্রসিদ্ধ ঘটক ছিলেন তাঁহার নিবাস আড়িয়াদহ গ্রামে ছিল তিনি কুন্দলাল বংশীয় প্রসিদ্ধ রোষা করের পৌত্র এবং গিরিধরের পুত্র। কুন্দ রোষাকরের নাম মহারাজ লক্ষ্মণ সেনের সভায় সমীকরণ স্থলীয় ব্যক্তিদের মধ্যে দেখা যায়। সুতরাং রোষাকর লক্ষ্মণ সেনের সময়ের লোক। এড়ু মিশ্র তাহার পৌত্র। এই অবস্থায় অন্ততঃ লক্ষ্মণ সেনের সময়ে ঘটকতা পদের সৃষ্টি হইয়াছে। ঘটকের লক্ষণ বর্ণনায় লিখিত আছে—

"বংশাংশভাব গুণ দোষ বিচার কর্ত্তা,
ন্যুনাতিরিক্ত পরিমাণ যথার্থ বক্তা,
পর্য্যাং বিপর্য্যা গণণঞ্চ করোতি যচ্চ,
শশ্ব-ন্নৃপেণ গতিতো ঘটকঃ সএব।

এখানে "নৃপেণ গদিত" নৃপ শব্দে বল্লাল কি লক্ষ্মণ সেন একজনকে বুঝাইবে। অনেকের মতে মহারাজ বল্লাল সেনের সময়েই রাঢ়ী শ্রেণীয় ঘটকের পদ সৃষ্টি হয়; কিন্তু বল্লাল সেনের সময় রাঢ়ী শ্রেণীর ব্রাহ্মণের সংখ্যা মুষ্টিমেয় ছিল। এরূপ ক্ষুদ্র সমাজের সামাজিকতার সুশৃঙ্খলার জন্য কুলাচার্য্যের প্রয়োজন না হইলেও অন্ততঃ রাজা লক্ষ্মণ সেন কর্ত্তৃক যে কুলাচার্য্য পদের সৃষ্টি হইয়াছিল তৎসম্বন্ধে কোন সন্দেহ

নাই। সুতরাং অন্ততঃ সাত শত বৎসর পূর্ব্বে কুলাচার্য্যের পদ সৃষ্টি হইয়াছে।

দেবীবর ঘটকের পরে নুলো পঞ্চানন নামে একজন প্রধান ঘটক পশ্চিম বঙ্গে উদ্ভূত হন। ইনি বিষ্ণুঠাকুরের পিতা ও পিতামহের সমসাময়িক ব্যক্তি। চট্টোপাধ্যায় বংশীয় যে পাঁচ ব্যক্তি মহারাজ লক্ষ্মণসেনের রাজত্বকালে সমীকরণ সময়ে উপস্থিত ছিলেন তন্মধ্যে বাঙ্গাল চট্টের বংশে ইঁহার জন্ম হয়। ইঁহার পিতামহ প্রসিদ্ধ দিনকর চট্টোপাধ্যায় ছিলেন। ইহার নাম পঞ্চানন। ইনি "নুলো" ছিলেন বলিয়া ইহার নাম "নুলো পঞ্চানন" হইয়াছে। ইহার মত স্পষ্টবাদী ঘটক অতি অল্পই দেখা যায়। নুলো পঞ্চাননের বংশ এখন আর নাই। দেবীবর নিঃসন্তান।

পূর্ব্ববঙ্গে ঢাকা জিলার অন্তঃর্গত ব্রাহ্মণ প্রধান বিক্রমপুর সমাজ পদ্মার প্রবল স্রোতাভিঘাতে দ্বিধা বিভক্ত হইয়াছে। বিক্রমপুর পরগণার স্থানসমূহ এক্ষণ ঢাকা ও ফরিদপুর উভয় জিলায় অন্তর্নিবিষ্ট হইয়াছে। পদ্মার উত্তর পারস্থ ইছাপুরা, কান্দাপাড়া, সিংপাড়া, শ্যামসিদ্ধি, ভুয়ালি, মধ্যপাড়া, কোলা, কুশারিপাড়া, আউটসাহী, নোয়াদ্দা, পুরাপাড়া, বাণিখাড়া, আদাবাড়ী

নশঙ্কর, হাসাইল, পাঁচগাও, বহর, ভরাকর, রাউৎভোগ, বালিগাঁ, বাহেরক গ্রামে এবং পদ্মার দক্ষিণ পারে নড়িয়া, লুনসিং, কার্ত্তিকপুর, নবগ্রাম, বিঝাড়ী, ডোমসার, রুদ্রকর, পালং, ফতেজঙ্গপুর, আচূড়া, শিরঙ্গল, চান্দনী, কালামৃধা, তিলৈ গ্রামে ও ফরিদপুরের জিলায় বাইট্-কামাড়ি এবং বরিশালের জিলায় বীরমোহন, শোলক-সুন্দরদি, আমগাও, খলিশাকাটা ফকরা, শেলাপট্টি যশোহরের অন্তর্গত ব্রাহ্মণডাঙ্গা প্রভৃতি গ্রামে রাঢ়ী শ্রেণীয় ঘটকগণ বর্ত্তমান সময়ে বাস করিতেছেন। এই সমুদয় প্রায় গ্রামেই বর্ত্তমান সময়েও ব্যবসায়ী ঘটক আছেন। পশ্চিম বঙ্গে জগদানন্দপুর, মূজাপুর, পাঁচড়া, রতনপুর, রাণাঘাট, মহেশপুর প্রভৃতি বহুগ্রামে ঘটকদের বসতি স্থান ছিল। ঘটকগণ মধ্যে কেহ শ্রোত্রীয় কেহ বা ভঙ্গ বা নিকষ কুলীন বটেন। অনেকের বিশ্বাস যে "ঘটক" একটী স্বতন্ত্র উপাধি। বাস্তব পক্ষে তাহা নহে। কুলীন ও শ্রোত্রীয়গণ মধ্যে কেহ কেহ ঘটকতা ব্যবসা অবলম্বন করিয়া পূর্ব্ব উপাধি ত্যাগে "ঘটক" উপাধি গ্রহণ করিয়াছেন মাত্র। প্রসিদ্ধ শ্রোত্রীয় "মাস-চটক" বা "মাশচড়ক" বংশে অনেক ঘটক আছেন। সুন্দরদি ও কোলার ঘটকগণ মাশচড়ক ঘটক। পারিহাল

মেলের ঘটকগণ গাঙ্গোপাধ্যায় বংশীয়। কেহ কেহ নিকষ কেহ কেহ ভঙ্গ কুলীন। ভরদ্বাজ ঘটকগণ মুখোপাধ্যায় বংশীয়। "বাঙ্গাল পাশ" মেলের বন্দ্য-বংশীয় ঘটক এবং কাশ্যপ গোত্রীয় চট্টোপাধ্যায় বংশীয় ঘটক এখনও বর্ত্তমান আছেন।

বর্ত্তমান সময়ে যাঁহারা ঘটকতা ব্যবসা করেন তাঁহা-দের সমুদয়েরই বাসস্থান পূর্ব্ববঙ্গে। নড়িয়া মেলের নড়িয়ার সাবর্ণ ঘটকগণ রঘুনাথ বাচস্পাতি মিশ্রের সন্তান। রঘুনাথ বাচস্পতির পূর্ব্ববর্ত্তীগণ ঘটকতা ব্যবসা করেন নাই। তিনিই প্রথম কুলশাস্ত্র অধ্যয়ন ও অধ্যাপনা কার্য্যে ব্রতী হন; এবং কুলশাস্ত্রীয় গ্রন্থ প্রনয়ণ করেন। রঘুনাথ বাচস্পতির প্রণীত কুলগ্রন্থ মধ্যে সর্ব্বপ্রধান গ্রন্থ কুলরমা বা কুলরাম। রঘুনাথ বাচস্পতির পূর্ব্ববর্ত্তী ও পরবর্ত্তী বংশ আমরা লিখিলাম। রঘুনাথ বাচস্পতি ও ধ্রুবানন্দ মিশ্র সমসাময়িক লোক হইলেও ধ্রুবানন্দ মিশ্র যখন বৃদ্ধ রঘুনাথ তখন যুবা। কথিত আছে ধ্রুবানন্দের নিকট রঘুনাথ কুলশাস্ত্র অধ্যয়ন করিয়াছিলেন। রঘুনাথ ও দেবীবর সমসাময়ীক লোক। রঘুনাথ বাচস্পতির পূর্ব্বপুরুষের সময় হইতেই নড়িয়া ঘটক চৌধুরী মহাশয়দের বাটীতে ৺ গোপাল বিগ্রহ

প্রতিষ্ঠিত আছেন শ্রীযুক্ত রজনীনাথ ঘটক চৌধুরী মহাশয়ের বাটীতে ঐ বিগ্রহ এখনও বর্ত্তমান আছেন। উক্ত বিগ্রহের নামানুসারেই রঘুনাথের পূর্ব্বপুরুষ গোপাল গাঙ্গুলী মহাশয়ের নামাকরণ হয়। রঘুনাথ হইতে এক্ষণ ১১।১২ পুরুষ হইয়াছে। পারিহাল মেলের ঘটকগণ মধ্যে প্রথম ঘটক কুমুদানন্দ চূড়ামণি। তাঁহা হইতে এখন ১১।১২ পুরুষ। কুমুদানন্দ ও রঘুনাথ বাচস্পতি একই সময়ের লোক এবং কোলা ও সুন্দরদির মাশ্চড়ক ঘটকগণের পূর্ব্ববর্ত্তী ও ঐ সময় ঘটকতা ব্যবসা অবলম্বন করেন। মাশ্চড়ক বংশে মহামহোপাধ্যায় বহুপণ্ডিত জন্মগ্রহণ করিয়াছেন। কিন্তু শ্রোত্রীয়দের বংশ লিখার নিয়ম না থাকায় এবং উক্ত ঘটক মহাশয়গণও তাঁহাদের পূর্ব্বপুরুষদের নাম সংগ্রহ করিয়া না দেওয়ায় আমরা মাশ্চড়ক ঘটক মহাশয়দের বংশ লিখিতে পারিলাম না। কথিত আছে মাশ্চড়ক ঘটকগণের পূর্ব্ববর্ত্তী এবং কুমুদানন্দ চূড়ামণি রঘুনাথ বাচস্পতির আত্মীয়, এবং রঘুনাথের পরামর্শ মতেই উঁহারা কুলাচার্য্যের ব্যবসায় অবলম্বন করেন। পারিহাল ঘটকগণ মধ্যে যাহারা তিলৈ গ্রামে বাস করিতেছেন তাঁহাদের পূর্ব্বপুরুষ মধ্যে শিবানন্দ বিশারদ ঘটকতার কার্য্য

আরম্ভ করেন। শিব বিশারদ কুমুদানন্দের ভ্রাতুষ্পুত্র পর্য্যায়ের লোক। যে কারণেই হউক শিবানন্দ বিশারদের সন্তানগণ মধ্যে পণ্ডিতের সংখ্যা অপেক্ষাকৃত অল্প। ভরদ্বাজ ঘটকগণের পূর্ব্বপুরুষ লোকনাথ মুখোপাধ্যায় রঘুনাথ বাচস্পতির জামাতা বটেন। লোকনাথের পুত্র চতুষ্টয়ই ভরদ্বাজ ঘটকগণের আদিপুরুষ ও কুলাচার্য্যের ব্যবসা অবলম্বন করেন। অন্য মেলের ঘটক অল্প, এবং উহারা পরে ঘটকতা ব্যবসা অবলম্বন করিয়াছেন। সুন্দরদি গ্রামে একঘড় চট্টবংশীয় ঘটক আছেন। আমরা বহু চেস্টা করিয়াও তাহাদের বংশের বিবরণ আনাইতে পারিনাই। বারান্তরে ঐ সমুদয় বংশের নাম দিতে চেষ্টা করিব। রাঢ়ীয় ব্রাহ্মণ গণ যদি সমবেত হইয়া পরামর্শ পূর্ব্বক ঘটক ও কুলশাস্ত্র রক্ষা না করেন তবে দুই এক পুরুষ পরেই কুলীন, অকুলীন শ্রেষ্ঠ নিকৃষ্ট এক দর হইয়া দাঁড়াইবে। উহাদের মধ্যে কে কোন গোত্রীয় লোক ইহা স্থিরীকরণের লোকও থাকিবেনা। আমাদের পূর্ব্বপুরুষ গণ আমাদের দেবতা, পূর্ব্বপুরুষদের পূণ্যময়ী স্মৃতি আমাদের গৌরব ও স্বর্গ, অস্মৃতি নরক। যাহাদের পূর্ব্বপুরুষের গৌরব নাই পূর্ব্বপুরুষদের প্রাধান্য যাহাদের স্মৃতিতে নাই তাহাদের আর উদ্ধারের পথ কোথায়?

কোন্ কোন্ স্থানে বর্ত্তমান সময়ে ঘটক গণ বাস করেন, তাঁহারা কোন্ বংশে জন্মধারণ করিয়াছেন, কত পুরুষ যাবৎ তাঁহারা কুলশাস্ত্র অধ্যয়ন ও অধ্যাপনা করিতেছেন আমাদের এই ক্ষুদ্র পুস্তকে তাহাই বিবৃত হইল। সচরাচর দেখাযায় যে যিনি যে ব্যবসা অবলম্বন করেন তাহার পরবর্ত্তী পুরুষ গণ সেই ব্যবসা অবলম্বন করিলে সাধারণতঃ অন্য ব্যক্তি হইতে সেই ব্যবসায় সহজে আয়ত্ব করিতে পারেন। আমরা ভরসা করি ঘটক বংশ মধ্যে যাহারা ঘটকতা ব্যবসা করেন তাহাদের জীবনো-পায়ের প্রতি দৃষ্টি করিলে আমরা সহজে পুনঃ কৃতী ও পণ্ডিত ঘটক গণ দেখিতে পাইব।

অনেকের বিশ্বাস ঘটক গণ যোজক ও ধাবক মাত্র। লোকের কন্যা পুত্রের বিবাহ সম্বন্ধের যোজনা ও তজ্জন্য ধাবকত্ব ইহাদের কার্য্য। বাস্তবপক্ষে তাহা নহে। কুলীন দিগের কুলকার্য্য ঠিক করিয়া দেওয়া কাহার সহিত কাহার কুল সম্বন্ধ হইতে পারে ইহা স্থির করা কুলশাস্ত্র রক্ষাকরা ঘটকের কর্ত্তব্য। কিন্তু ধাবকত্ব তাহাদের কার্য্য নহে। কুলের অত্যন্ত সূক্ষ তারতম্য কুলীনের অংশ বংশদোষ যে মহাজন ব্যক্তি জানেন তিনিই ঘটক। যোজনা কারীকে ঘটক বলা যাইতে

পারে না। অথবা ঘটক নামধারী হইলেই ঘটক হয়েন না।

" অত্যন্ত সূক্ষ্মমপি যে কুলতারতম্যং
জানন্তি তেহি ঘটকাঃ নতু যোজকাদ্যাঃ
অংশং বংশতথা দোষং যে জানন্তি মহাজনাঃ
তএব ঘটকাজ্ঞেয়া ন নাম গ্রহণাৎপরম্।"

কুলদীপিকা।

ফলে ঘটক গণের কর্ত্তব্য তাঁহারা সমাজে প্রতিষ্ঠিত হইবার জন্য রীতিমত কুলশাস্ত্র ও ধর্ম্মশাস্ত্র অধ্যয়ন করেন এবং সামাজিক দিগেরও কর্ত্তব্য ঘটক দিগকে প্রতিপালন করেন। অন্যথা রাঢ়ীয় ব্রাহ্মণ সমাজের বিশেষ ক্ষতি হইবে। কি পূর্ব্ব কি পশ্চিম কি উত্তর বঙ্গ সমস্ত স্থানের রাঢ়ীয় ব্রাহ্মণ দিগের স্বীয় শ্রেণীর কুলশাস্ত্র রক্ষাকরা কর্ত্তব্য।

রাঢ়ীয় শ্রেণীয় কুলশাস্ত্রজ্ঞ গণ মধ্যে বিক্রমপুর ব্যাণিখাড়া নিবাসী ভরদ্বাজ গোত্রীয় শ্রীযুক্ত চণ্ডীচরণ ঘটক ন্যায়রত্ন মহাশয় একজন অশেষ শাস্ত্রজ্ঞ পণ্ডিত। বিক্রমপুরের সর্ব্বশ্রেণীর ব্রাহ্মণ গণ এবং বৈদ্য কায়স্থ প্রভৃতি উচ্চ শ্রেণীর সকল শিক্ষিত ব্যক্তিগণই তাঁহাকে জানেন ও শ্রদ্ধা করেন। যখন প্রাতঃস্মরণীয় বিদ্যাসাগর মহাশয় বহু বিবাহ ও কন্যাপণ নিবারণ জন্য প্রাণপণে

চেষ্টা করিতেছিলেন, তৎসময়ে বিক্রমপুরের অনেক প্রসিদ্ধ কুলীন এবং কুলাচার্য্য বিদ্যাসাগর মহাশয়ের পৃষ্ঠপোষক ছিলেন। চণ্ডীচরণ ঘটক ন্যায়রত্ন মহাশয় তাঁহাদের অন্যতম। পশ্চিমবঙ্গের ঘটক মহাশয়দিগের ঘরে যে সমুদয় কুলশাস্ত্র আছে তাহা এখন কীটদষ্ট বা বর্জ্জিত-পত্র রাশির মধ্যে পতিত রহিয়াছে। আমাদের পূর্ব্ববঙ্গেরও প্রায় এই দশা সমুপস্থিত দেখিয়া আমি ন্যায়রত্ন মহাশয়ের নিকট কুলশাস্ত্র রক্ষার পরামর্শ জিজ্ঞাসা করি। তিনি কুলাচার্য্যদিগের বংশ প্রথমে লিপি করিতে ও পরে ক্রমশঃ কুলগ্রন্থ রক্ষণের দিকে অগ্রসর হইতে পরামর্শ দেন। তদনুসারে আমার ক্ষুদ্র চেষ্টায় যতদূর সম্ভবে তদনুরূপ কুলশাস্ত্রাদি সংগ্রহ করা হইতেছে এবং ঘটকদিগের বংশ সংগ্রহ করা হইয়াছে। বিশেষতঃ ন্যায়রত্ন মহাশয় স্বতঃপ্রবৃত্ত হইয়া গ্রামে২ গমন পূর্ব্বক বহু মূলগ্রন্থ দৃষ্টে এবং ঘটকদিগকে নিজে জিজ্ঞাসা করিয়া ঘটক বংশ সংগ্রহ করিয়াছেন। উক্ত বংশাবলী মুদ্রাঙ্কণ ও প্রকাশ করার ভার, আমার প্রতি অর্পণ করিয়াছেন এবং ঘটক বংশের ইতিহাস সাধারণ ভাবে ভূমিকায় লিখিতে আমাকে অনুরোধ করিয়াছেন। তদনুসারে এই ক্ষুদ্র ভূমিকায় ঘটক বংশের সংক্ষেপ

বিবরণ লিখিলাম। যদি রাঢ়ীশ্রেণী সমাজের উৎসাহ পাওয়া যায় তবে সমস্ত কুলশাস্ত্র সংগৃহীত ও প্রকাশিত হওয়ার আশা দুরাশা নহে। ধ্রুবানন্দ মিশ্র, রঘুনাথ বাচস্পতি ও দেবীবর ঘটক প্রভৃতি কুলপণ্ডিতগণের কুলশাস্ত্রানুযায়ী নিতান্ত জ্ঞাতব্য কতকগুলী বিষয় এই ঘটক বংশাবলীর শেষভাগে সংযোজিত করিয়া দিলাম। পুস্তকের কলেবর বৃদ্ধি হয় বলিয়া সকল বিষয়গুলীর মূল সংস্কৃত প্রমাণ উদ্ধৃত করা হইল না।

মহারাজ বল্লাল সেন নব গুণান্বিত ব্রাহ্মণদিগকে কুলীন সংজ্ঞা প্রদান করেন। রঘুনাথ বাচস্পতি কৃত কুলরাম গ্রন্থে —"আচার-বিদ্যা-বিনয়-প্রতিষ্ঠা তজ্ জ্ঞাপনার্থং ঘটকং করোমি" ইহা দৃষ্টে বুঝা যায় বল্লাল সেনের সময় ৫৯ ব্যক্তির মধ্যে কেহ ঘটক অর্থাৎ কুলের দোষ গুণ বিচারক নিযুক্ত হন কিন্তু তিনি কোন্ ব্যক্তিকে ঘটক নিযুক্ত করেন তাহা স্থির করার সাধ্য নাই। কিন্তু লক্ষ্মণ সেনের সভায় এই গুণাগুণ পরিক্ষার পর মহেশ্বর বন্দ্যোপাধ্যায় প্রতি আদিষ্ট হয় দেখা যায়, ধ্রুবানন্দ মিশ্র বলেন—

"মহেশ্বরো মহাবিজ্ঞঃ সুচচট্ট সুতাপতিঃ।
রাজ্ঞো লক্ষ্মণ সেনস্য সভায়াং তিলকাকৃতি।"

দ্বিতীয় ভাগে বিশদ বিবরণ দিতে ইচ্ছা রহিল।

নিবেদক

শ্রীকামিনীকুমার ঘটক।

কুলাচার্য্য বংশ।

মুং শ্রীহর্ষ সুত শ্রীগর্ভ সুত শ্রীনিবাস সুত মেধাতিথি সুত অরব সুত ত্রিবিক্রম সুত কাক সুত ধান্দুমুখ সুত জলাশয় সুত বাণেশ্বর সুত গুই সুত মাধবাচার্য্য সুত কোলাহল বা কোলাই সন্ন্যাসী সুত উৎসাহ, গরুড়। ইহারা কৌলিন্য মর্য্যাদা প্রাপ্ত হন।

উৎসাহ সুত আহিত, অভ্যাগত, মহাদেব। মহাদেবই খড়দহ প্রভৃতি মেলের কুলীনগণের পূর্ব্ববর্ত্তী।

আহিত সুতৌ উদ্ধব, লৌলিকৌ। উদ্ধব সুতৌ শিয়ো বিকর্ত্তনৌ, শিয়ো সুতা রাম, নৃসিংহ, দ্যাকরাঃ। নৃসিংহ হইতে ফুলিয়া, বল্লভী প্রভৃতি মেলের কুলীনগণ বিস্তৃত হইয়াছেন। দ্যাকর হইতে কাচনার মুখোটীগণ উৎপন্ন হইয়াছেন। রামের সন্তান হইতে অন্যান্য কুলীন ও ভরদ্বাজ ঘটকগণের বংশ উৎপন্ন হইয়াছে।

রাম সুত সুজো সুতা জয়পতি, নিধিপতি, লক্ষ্মীপতি, উষাপতি, কানাইকাঃ কানাই সুতৌ রাম, রত্নাকরৌ, রত্নাকর সুত কুলপতি সুতা চান্দ, ভূবণ, বৈদ্যনাথাঃ।

চান্দ স্থত মকরধ্বজ স্থত লোকনাথ গাং রঘুনাথ বাচস্পতি কস্য কং আং নরিয়া মেল প্রাপ্ত। লোকনাথ স্থত রামচরণ ঘটকরত্ন, গোপীনাথ ঘটকশেখর, নারায়ণ ঘটক বল্লভ, গোবিন্দ ঘটক চন্দ্রাঃ। রামচরণ ঘটকরত্ন স্থতা রামদেব ঘটক ভট্টাচার্য্য, কৃষ্ণদাস ঘটক সার্ব্বভৌম, শ্যাম রায়াঃ। রামদেব ঘটক ভট্টাচার্য্য স্থতৌ শ্রীরাম রায়, কার্ত্তিক রায়ৌ। কার্ত্তিক রায় স্থতাঃ সূর্য্যনারায়ণ সিদ্ধান্ত (ভঙ্গ) পদ্মনাভ বিদ্যাভূষণ, ভুবনেশ্বর ন্যায়-বাগীশাঃ সূর্য্যনারায়ণ স্থত রামানন্দ তর্কাচার্য্য স্থত রামজয় শিরোমণি স্থত বঙ্গচন্দ্র স্থতৌ রসিকচন্দ্র, মহেন্দ্র চন্দ্রৌ সাকিন ফতেজঙ্গপুর।

পদ্মনাভ (ভঙ্গ) স* কৃষ্ণানন্দ স শম্ভুচন্দ্র স রাম-কিশোর স শীতল সাকিন পালং।

ভুবনেশ্বর ন্যায়বাগীশ (ভঙ্গ) স কৃষ্ণকান্ত বিদ্যা-লঙ্কার স উদয় কবিভূষণ স্থতা গঙ্গাচরণ, শ্যামাচরণ, চণ্ডীচরণ ন্যায়রত্নাঃ। শ্যামাচরণ স চিন্তাহরণ সাকিন বাইনখাড়া।

শ্রীরাম রায় স জয়সিংহ রায় স সৃষ্টিধর ন্যায়ভূষণ স

---

* স্থত শব্দ পুনঃ২ লিখিতে অনর্থক শব্দ বাহুল্য হয় বলিয়া "স্থত" শব্দ স্থলে "স" অক্ষর ব্যবহৃত হইল।

যুগলকিশোর স হরচন্দ্র দুর্গাচরণৌ। হরচন্দ্র স কালী-মোহন, কৃষ্ণমোহনৌ সাকিন লোনসিং। দুর্গাচরণ তর্কালঙ্কার স হরেন্দ্র, গিরীন্দ্র সাকিন লোনসিং।

কৃষ্ণদাস সার্ব্বভৌম স আত্মারাম, নীলকণ্ঠ, আত্মা-রাম স কালীকাপ্রসাদ স রামরত্ন স ইন্দ্রনারায়ণ স বৃন্দা-বন বিদ্যাভূষণ স চন্দ্রকান্ত, সূর্য্যকান্ত, ষোড়শীকান্ত। চন্দ্রকান্ত স যোগেন্দ্র, হেমচন্দ্র, বিমলাচরণ, গোপাল-চন্দ্র সাকিন বহর।

নীলকণ্ঠ ঘটকজিত স নরসিংহ স প্রাণকৃষ্ণ তর্ক-পঞ্চানন স তিলকচন্দ্র স চণ্ডীচরণ তর্কভূষণ স গোপাল, মধুসূদন, রাজকুমার, বসন্ত, শীতল। সাকিন রুদ্রকর।

শ্যাম রায় স বিরিঞ্চি স রামকৃষ্ণ পঞ্চানন, গোবিন্দ তর্কবাগীশ, কৃষ্ণরাম সিদ্ধান্ত, রামগঙ্গা বিদ্যালঙ্কার, হরি বাচষ্পতি, গোপাল কবিভূষণ।

রামকৃষ্ণ পঞ্চানন স কালীশঙ্কর স গঙ্গাচন্দ্র স কালী প্রসন্ন, ষোড়শীকান্ত। কালীপ্রসন্ন স তারাপ্রসন্ন। সাকিন ডোঙ্গসার।

ষোড়শীকান্ত স ত্রিপুরাকান্ত, যতীন্দ্র, মনোরঞ্জন।

গোবিন্দ তর্কবাগীশ স রাধাকৃষ্ণ বিদ্যাসাগর স তারিণী-চরণ স অভয়াচরণ, অম্বিকাচরণ। অভয়াচরণ স বরদা-

চরণ। অম্বিকাচরণ স অন্নদাচরণ স জ্ঞানদাচরণ, কুলদাচরণ। সাং চান্দনী।

কৃষ্ণরাম সিদ্ধান্ত স বাগেশ্বর বিদ্যাভূষণ স জগমোহন স গুরুপ্রসাদ তর্কচূড়ামণি, রামকানাই। গুরুপ্রসাদ স মহিমচন্দ্র, ঈশানচন্দ্র, কুঞ্জবিহারী। সাং বাইনখাড়া।

রামকানাই স পার্ব্বতীচরণ স দুর্গাচরণ, রাসবিহারী, অতুলচন্দ্র।

রামগঙ্গা বিদ্যালঙ্কার স রামজয় তর্কভূষণ, ধনঞ্জয় ন্যায়ভূষণ। রামজয় স শম্ভু তর্কসিদ্ধান্ত, শিবচন্দ্র ন্যায়রত্ন, গৌরচন্দ্র বিদ্যারত্ন। শম্ভু স রামকুমার ন্যায়পঞ্চানন।

গৌরচন্দ্র স ব্রজনাথ তর্কপঞ্চানন স কালীপ্রসন্ন, হরপ্রসন্ন। কালীপ্রসন্ন স যোগেশ, সুরেশ, দীনেশ, উমেশ। হরপ্রসন্ন স হৃষীকেশ। সাকিন কালামৃধা।

ধনঞ্জয় ন্যায়ভূষণ স ভৈরবচন্দ্র ন্যায়লঙ্কার স গুরুচরণ শিরোমণি স অন্নদাচরণ স মনসাচরণ সাং কালামৃধা।

হরি বাচস্পতি স দুর্গাপ্রসাদ, রামকিশোর, রামগতি। দুর্গাপ্রসাদ স হারাধন স কালীপ্রসাদ স শ্রীনাথ, সাকিন পালং।

রামকিশোর স বদন স গুরুচরণ ন্যায়ভূষণ স মনোমোহন, কালীমোহন। সাকিন সৈন্যঘোষ।

গোপাল কবি ভূষণ স রাজকৃষ্ণ তর্কচূড়ামণি স কৃষ্ণচন্দ্র বিদ্যানিধি, রামচান্দ রত্নালঙ্কার, রামকমল। কৃষ্ণচন্দ্র স আনন্দচন্দ্র ঘটকরাজ স রজনীকান্ত, বরদাকান্ত। রজনীকান্ত স প্রিয়নাথ, যদুনাথ।

রামচান্দ রত্নালঙ্কার স গোপী বিদ্যাভূষন্ স করুণাকান্ত, বাণীকান্ত, অশ্বিনীকান্ত (অশ্বিনীকান্ত বিএবিএল্ উকীল জজ কোর্ট বরিশাল।) সাং দিগশূল হাল সাং নবগ্রাম।

রামকমল স অম্বিকাচরণ, বৈকুণ্ঠচন্দ্র। অম্বিকাচরণ স হারাণ। গোপীনাথ ঘটকশেখর স রামগোপাল স পরশুরাম স হরি, গঙ্গারাম: হরি স রাম রাম স রাম মাণিক্য, রামচন্দ্র। রাম মাণিক্য স কাশীনাথ স কালীপ্রসাদ স নিবারণ, শশিমোহন সাং দেওভোগ।

রামচন্দ্র স কালাচান্দ স মহিম, প্রসন্ন তর্করত্ন, নারায়ণ। প্রসন্ন তর্করত্ন স চন্দ্রকান্ত, নিশিকান্ত, রজনীকান্ত, শ্যামাকান্ত সাং পুরাপাড়া।

গঙ্গারাম স রামদাস, রাঘব। রামদাস স রামমোহন স জীবনকৃষ্ণ স গুরুদাস স রামদয়াল শিরোমণি স অম্বিকাচরণ, শ্যামাচরণ সাং আউটসহি।

রাঘব স রামগতি স শম্ভুচন্দ্র স বঙ্গচন্দ্র, রাচস্পতি স

কালীপ্রসন্ন স দেবেন্দ্র, রাজেন্দ্র, সুরেশ, উমেশ সাং আচুরা।

নারায়ণ ঘটক বল্লভ স রামেশ্বর স রামচন্দ্র স কৃষ্ণপ্রসাদ স রামরুদ্র বিদ্যানিধি স রামমাণিক্য স কমলাকান্ত স অভয়াচরণ স শ্রীনাথ, কালীনাথ। শ্রীনাথ স চিন্তাহরণ। কালীনাথ স সীতানাথ সাং বিঝারি।

গোবিন্দ ঘটকচন্দ্র স রামবল্লভ স যদু, রামনাথ। যদু স ইন্দ্রনারায়ণ স রাম রাম ন্যায়লঙ্কার স জীবনকৃষ্ণ স কৃষ্ণানন্দ স কালীকান্ত সাং কুশারিপাড়া।

রামনাথ স গঙ্গারাম, পঞ্চানন। পঞ্চানন স বিনোদ রাম স কীর্ত্তি ঘটকরাজ স করুণাচন্দ্র বিদ্যাসাগর স আনন্দ স দয়ালবন্ধু সাং লোনসিং।

গাঙ্গ-গঙ্গাধরে মেলো নরিয়া নাম বিশ্রুতঃ
গঙ্গাধর প্রকৃতি নরিয়া মেল।

বেদগর্ভ স বীরব্রত স সোভম স শৌরী স পীতাম্বর স দামোদর স কুলপতি স শিশু, শম্ভু, হাস্য, প্রভাকরঃ। শিশু স গদো, নাভো, মহীধর। গদো স হলায়ুধ স শ্রীকণ্ঠ, বামদেব, আয়ু, কুলপতি, মুরারি। আয়ু স পলো, বাটুবলো, বিনায়ক। বিনায়ক স জিয়ো, মাধব, ব্যাস, কেশব, পদ্মনাভ, শিব, শূলপাণি।

মাধব স নারায়ণ, দামোদর, শ্রীরঙ্গ, হরিরাম, গোপাল, বনমালি। গোপাল স জয়, গঙ্গানিধি, গঙ্গাধন, চণ্ডীবর, নব, সর্ব্বানন্দ। চণ্ডীবর স হিরণ্য, পদ্মনাভ, শুভঙ্কর, প্রিয়ঙ্কর, বিভাকর, কৃষ্ণ।

শুভঙ্কর স গঙ্গাধর, গঙ্গাবর, গঙ্গাগতি, গঙ্গাদাস, গঙ্গারাম, গঙ্গাহরি, গঙ্গানারায়ণ। গঙ্গাধর স রঘুনাথ বাচস্পতি, যদুনাথ পণ্ডিত, বাণীনাথ।

রঘুনাথ বাচস্পতি স শ্রীরাম ঘটক সার্ব্বভৌম, ঘটক শিরোমণি, ঘটক চক্রবর্ত্তি। রঘুনাথ বাচস্পতি কস্য কং মুং লোকনাথায় প্রং। শ্রীরাম ঘটক সার্ব্বভৌম স গোবিন্দ ঘটক রায়, ঘটক পুরন্দর, লক্ষ্মীনারায়ণ ঘটকাচার্য্য, হরিরাম।

গোবিন্দ ঘটক রায় স কৃষ্ণজীবন ঘটক বিশারদ, কৃষ্ণবল্লভ রায়, গৌরী বিষ্ণুচন্দ্র। কৃষ্ণজীবন ঘটক বিশারদ স রাজেন্দ্র, ইন্দ্রনারায়ণ, মটুকমণি। রাজেন্দ্র স কামদেব, মণিরাম শিরোমণি, নিধিরাম ঘটকেন্দ্র, রামকেশব ঘটক ভূষণ।

মণিরাম শিরোমণি স রামপ্রসাদ বৃহস্পতি, বিনোদরাম কুলমণি, কালীচরণ বিদ্যানিধি।

রামপ্রসাদ স রামরত্ন বিদ্যাবাগীশ, রামধন বিদ্যাভূষণ। রামরত্ন স রামসুন্দর তর্কসিদ্ধান্ত, রামলোচন

ন্যায়ভূষণ। রামসুন্দর স জগন্নাথ স কৃষ্ণচন্দ্র স মন-মোহন, রামধন, সাকিন পাচগাও।

রামধন বিদ্যাভূষণ স রাজকিশোর স রামরাজা স প্রসন্ন স অম্বিকা স যতীন্দ্র সাং বাইংখড়া।

বিনোদরাম কুলমণি স রামমাণিক্য কুলভূষণ স বিশ্ব-নাথ ন্যায়লঙ্কার স রামতনু স নবকুমার, আনন্দচন্দ্র, প্রসন্নচন্দ্র।

কালীচরণ বিদ্যানিধি স গোবিন্দপ্রসাদ স জগমোহন স শ্রীনাথ স নলিনীরঞ্জন সাং লোন সিং।

নিধিরাম ঘটকেন্দ্র স রামরাম, রামকিশোর। রাম-রাম স রামশঙ্কর স গঙ্গাপ্রসাদ স রামচন্দ্র, ঈশান। রামচন্দ্র স কৃষ্ণকুমার স হরেন্দ্র, লালমোহন। ঈশান স অম্বিকাচরণ। সাকিন ভরাকর।

রামকিশোর স শিবশঙ্কর স হৃদয়কৃষ্ণ স মদনমোহন স ব্রজনাথ, উমানাথ, জয়নারায়ণ, তারকনাথ সাকিন পুরাপাড়া।

রামকেশব ঘটকভূষণ স কৃষ্ণরাম স কীর্ত্তিচন্দ্র কৃষ্ণ-চন্দ্র। কীর্ত্তিচন্দ্র স গুরুদাস, কাশীদাস, রাজমোহন। গুরুদাস স আনন্দ স কালীপদ, হরিপদ। কালীপদ স যতীন্দ্র, বিশ্বেশ্বর সাং লোনসিং।

কৃষ্ণচন্দ্র স রামচন্দ্র স গুরুপ্রসন্ন স দুর্গামোহন সাং সিরঙ্গল।

ইন্দ্রনারায়ণ ঘটক স রমানাথ, সুধারাম, অনিরুদ্ধ, পরশুরাম। রমানাথ স রঘুনন্দন স বাসুদেব, কালীচরণ। বাসুদেব স অমরনারায়ণ স রামলোচন স শম্ভুচন্দ্র, শিবচন্দ্র।

শম্ভুচন্দ্র স হরিপ্রসাদ স চিন্তাহরণ, অকুলহরণ, ভোলানাথ। শিবচন্দ্র স অম্বিকাচরণ সাং নরিয়া।

অনিরুদ্ধ স জগদ্বল্লভ, শিবরায়। জগদ্বল্লভ স কীর্ত্তিনারায়ণ, রামশঙ্কর, ভবানীপ্রসাদ, কাশীনাথ রায়। কীর্ত্তিনারায়ণ ভঙ্গ তং স মৃত্যুঞ্জয় স সন্তোষ, গোরাচান্দ। সন্তোষ স স্বরূপচন্দ্র বিদ্যালঙ্কার স চণ্ডীচরণ স প্রসন্ন স সূর্য্যকুমার।

গোরাচান্দ স লক্ষ্মীকান্ত স প্যারীমোহন স বরদাকান্ত, মাখনলাল, মতিলাল, রসিকলাল, হরলাল।

রামশঙ্কর স রামানন্দ, রামজয়, রামচাঁন, গোলক। রামানন্দ স উমাকান্ত স বিশ্বেশ্বর, কেদারেশ্বর, রজনীকান্ত সাং পাঁচগাও।

রামজয় স ভৈরব স শ্রীনাথ, আনন্দমোহন, পূর্ণচন্দ্র, রসিক (বিএ) বিজয়চন্দ্র।

রামচাঁদ স কালীকমল স মধুসূদন।

ভবানীপ্রসাদ ভঙ্গ স রামনিধি, প্রাণনাথ। রাম-নিধি স রাধাচরণ স প্রভাত, কালীপ্রসন্ন। কালীপ্রসন্ন (বিএ) তৎ স আশুতোষ।

প্রাণনাথ স মদন, কালীনাথ। মদন স রাজকুমার স হেমচন্দ্র। কালীনাথ স কামেখ্যাচরণ, বিমলাচরণ, সারদাচরণ।

কাশীনাথ স শম্ভুনাথ, চন্দ্রনাথ। শম্ভুনাথ স অভয়চন্দ্র স দুর্গামোহন স যতীন্দ্রমোহন, যামিনীমোহন। চন্দ্রনাথ স নীলকমল স শ্যামাকান্ত, শশীকান্ত, যোগেশ-চন্দ্র।

শিবরাম স রামগোপাল, রামকানাই, রামসুন্দর। রাম-গোপাল স রামকান্ত স চন্দ্রমোহন স মহেন্দ্র (পোষ্য পুত্র)

রামকানাই স রাধানাথ স নবীন স কামিনী, হর্ষনাথ, অমৃতলাল। রামসুন্দর স কালীপ্রসাদ স রামদয়াল স পরীক্ষিত, বিপিনচন্দ্র। পরীক্ষিত স যতীন্দ্র, বিজয়, হরিপদ, পরেশচন্দ্র সাং পাঁচগাও।

পরশুরাম স মুক্তারাম, রামপ্রসাদ, কৃষ্ণদেব। মুক্তা-রাম স ভবানীপ্রসাদ স দুর্গাদাস ভঙ্গ তৎ স রামতনু স প্রভাত।

রামপ্রসাদ স রামমোহন, কিশোর। রামমোহন স রামকৃষ্ণ ভঙ্গ তৎ স ভৈরবচন্দ্র, গোলকচন্দ্র, জয়চন্দ্র, অভয়চন্দ্র, বঙ্গচন্দ্র, হরচন্দ্র।

ভৈরবচন্দ্র স রামদয়াল স রাজমোহন, বনোয়ারীলাল, যোগেন্দ্র, মহেন্দ্র। বনোয়ারীলাল স মাখনলাল, গ্রীশচন্দ্র, হেরম্বচন্দ্র, শিবনাথ। যোগেন্দ্র স শম্ভুনাথ।

গোলকচন্দ্র স আনন্দ স উমাকান্ত উকীল, রজনীকান্ত উকীল। উমাকান্ত স গোপাল, গোবিন্দ, হেমচন্দ্র, সুধীরচন্দ্র।

রজনীকান্ত স যোগেশ, দেবেন্দ্র, নগেন্দ্র।

জগচ্চন্দ্র স চন্দ্রকান্ত, লোকনাথ, নবীনচন্দ্র। চন্দ্রকান্ত স মনমোহন। লোকনাথ স ললিতমোহন, লালমোহন, জিতেন্দ্র। নবীনচন্দ্র স রমেশ, রাধিকামোহন। অভয়চন্দ্র স মাণিক।

হরচন্দ্র স মধুসূদন, বিহারীলাল, বিনোদবিহারী। মধুসূদন স মনোরঞ্জন। বিহারীলাল স ত্রৈলোক্যনাথ। বিনোদবিহারী স সমরেন্দ্রনাথ সাং নব্রিয়া।

লক্ষ্মীনারায়ণ ঘটবাগার্গ্য স রামগোপাল ঘটকাদিত্য ভঙ্গ তৎ স ঘটকচন্দ্র হরিহর ঘটকজিত, ভাগ্যমন্ত ঘটকভূষণ। ঘটকচন্দ্র স অনন্তরাম পুরন্দর, বিন্দুরায়, রত্ন-

মণি, রামধন বৃহস্পতি, কালীপ্রসাদ সিদ্ধান্ত। অনন্তরাম স বিজয়, রাম বিশারদ, প্রাণকৃষ্ণ তর্কালঙ্কার।

বিজয়রাম স শিবশঙ্কর শিরোমণি, কৃষ্ণকান্ত, রামকান্ত সার্ব্বভৌম, ভৈরবচন্দ্র বিদ্যাসাগর।

শিবশঙ্কর স তিলকচন্দ্র, দ্বীপচন্দ্র।

রামকান্ত স বংশীবদন বিদ্যারত্ন স চন্দ্রমোহন, শ্রীমোহন, বেণীমাধব। চন্দ্রমোহন স সুধাংশুপ্রকাশ। শ্রীমোহন স মণিমোহন।

বেণীমাধব স অন্নদাপ্রসাদ।

ভৈরবচন্দ্র বিদ্যাসাগর স লোকনাথ বিদ্যাবাগীশ স কেদারনাথ, সীতানাথ, ভূদেবচন্দ্র। কেদারনাথ স শিবদাস।

প্রাণকৃষ্ণ তর্কালঙ্কার স গঙ্গাধর রত্নালঙ্কার, শ্রীধর। গঙ্গাধর স তারিণীচরণ, গৌরীচরণ। তারিণীচরণ স কালীচরণ, দুর্গাদাস, বিনোদবিহারী।

গৌরীচরণ কবিরত্ন স যদুনাথ ঘটকরাজ, কৃষ্ণধন হৃদয়নাথ স ইন্দ্রভূষণ, ফণীভূষণ, মণীন্দ্রভূষণ।

বিন্দুরাম রত্নমণি স জগন্নাথ, বলরাম, রঘুনাথ, কৃষ্ণধন, রামজীবন, রামধন।

জগন্নাথ স রামগঙ্গা, রামসুন্দর, শ্যামসুন্দর, লক্ষ্মীকান্ত

কবলরাম, রাজনারায়ণ, মুলুকচাঁদ। রামসুন্দর স
ালমণি, তারাচাঁদ, রামচন্দ্র, মোহনচন্দ্র। নীলমণি স
লাকনাথ স তারাপ্রসন্ন। রামচন্দ্র স আনন্দচন্দ্র।

বলরাম স মাণিকচন্দ্র স গোবিন্দচন্দ্র স গঙ্গাধর,
কলাসচন্দ্র। কৈলাসচন্দ্র স আশুতোষ, অমৃতলাল।

যাদবচন্দ্র স রামদাস বিদ্যালঙ্কার, দেবীপ্রসাদ বিদ্যা-
ভূষণ রামদাস স রামলোচন ত্রিলোচন। দেবীপ্রসাদ
। কাশীনাথ সাং ব্রহ্মাণডাঙ্গা।

কৃষ্ণবল্লভ স রাজারাম, আত্মারাম। রাজারাম স
ামচন্দ্র স রামগোবিন্দ স মাণিক, কুলমাণিক।

মানিক স কৃষ্ণচন্দ্র, কৃষ্ণশঙ্কর। কৃষ্ণশঙ্কর স রাজ-
নারায়ণ, রামসুন্দর, বলরাম, রামকানাই, কালাচাঁদ।

রাজনারায়ণ স রঙ্গ স শ্রীনাথ। কালাচাঁদ স শ্যামা-
চরণ স পূর্ণচন্দ্র। রামকানাই স চন্দ্রকান্ত সাং পালং।

ঘটক শিরমণি স ঘটক সিংহ স রামজীবন চূড়ামণি
। কৃষ্ণদেব স রঘুরাম স রামভদ্র স রামকিঙ্কর সরস্বতী স
াজকিশোর স কালাচাঁদ, অম্বিকাচরণ কালাচাঁদ স
ামদয়াল। অম্বিকাচরণ স যোগেন্দ্রনাথ সাং বাইটকা-
ারি। ঘটক চক্রবর্ত্তী স শিব বিদ্যালঙ্কার, কৃষ্ণরাম
পঞ্চানন, গঙ্গারাম চূড়ামণি। শিব বিদ্যালঙ্কার স রামদ-

গোবিন্দ ভারতী স পুরন্দর স রামদাস, শ্যাম, কালিদাস রায় রামদাস স ভোলানাথ মৃত্যুঞ্জয়। ভোলানাথ স শিবচন্দ্র স ভৈরবচন্দ্র স গোলকচন্দ্র স করুণাচন্দ্র, অতুল চন্দ্র সাং মধ্যপাড়া। মৃত্যুঞ্জয় স বদন চুড়ামণি স ঈশ্বর তর্কভূষন স মহিম স রসিক, অভয় কালিদাস স রামকানাই স উদয় চন্দ্র, কৃষ্ণকান্ত উদয়চন্দ্র স চন্দ্রকুমার প্রসন্নকুমার, বসন্তকুমার, রাজকুমার। চন্দ্রকুমার স নিবারণ প্রসন্নকুমার স পূর্ণচন্দ্র, প্রফুল্লকুমার, প্রিয়নাথ। বসন্ত কুমার স হেমচন্দ্র, রমেশচন্দ্র। রাজকুমার স অবনী কুমার নলিনীমোহন, নীলরতন, ইন্দুমোহন। কৃষ্ণরাম পঞ্চানন ভঙ্গ তং স শুকদেব, পরাণ, রাজবল্লভ। পরাণ স রামধন সরস্বতী, রামরাম বৃহস্পতি, রামকানু তর্কভূষণ রামজয় তর্কাচার্য্য, রামনর সিংহ তর্কবাগীশ। রামধন স দয়ারাম ঘটক জিত, রাধাকান্ত ঘটক জিত, লক্ষ্মীকান্ত।

দয়ারাম স বৈদ্যনাথ বিদ্যাসাগর, কমলাকান্ত, রাম-মণি তর্কবাগীশ বৈদ্যনাথ স চন্দ্রমাধব শিরোমণি স দুর্গা-দাস তর্কালঙ্কার স হরিদাস। কমলাকান্ত স জয়গোপাল বিদ্যার্ণব, মোহনচন্দ্র ন্যায়রত্ন। মোহনচন্দ্র স গোবিন্দ কুঞ্জ, হরেন্দ্র, বিনোদচন্দ্র। গোবিন্দ স সত্যপ্রসাদ, কৃষ্ণ প্রসাদ, জগদীশচন্দ্র। কুঞ্জ স হরমোহন, হরিহর, গিরীশ

রামমণি স গুরুচরণ, ভগবান। গুরুচরণ স করুণা-কান্ত, অক্ষয়কুমার, রমেশচন্দ্র।

ভগবান স কালীকাপ্রসাদ স বিশ্বেশ্বর, গগনচন্দ্র, যজ্ঞেশ্বর। লক্ষ্মীকান্ত স রামজগন্নাথ, কালীচরণ।

রামজগন্নাথ স গোলকচন্দ্র স মনমোহন, কালী-মোহন, হরিমোহন, দুর্গামোহন, সুরেন্দ্রমোহন।

কালীচরণ স আনন্দ স অনাথবন্ধু স আশুতোষ, নরেন্দ্র।

রামরাম বৃহস্পতি স কালীনাথ, রামরুদ্র। কালী-নাথ স দুর্গাচরণ কবিরত্ন স রজনী।

রামরুদ্র স কৃষ্ণকুমার বিদ্যারত্ন স ব্রজনাথ, হরি-নাথ, তারানাথ পূর্ণচন্দ্র। হরিনাথ স হেরম্ব, হীরালাল, মতিলাল।

তারানাথ স হর্ষনাথ, পরেশনাথ, গোপাল, হেমন্ত, গুরুনাথ, মনীন্দ্র। পূর্ণচন্দ্র স রামচন্দ্র।

ব্রজনাথ স মথুরানাথ, কেদারনাথ সাং সিংপাড়া।

রামজয় তর্কাচার্য্য স রামমাণিক্য স কৃষ্ণকিশোর, নবকিশোর।কৃষ্ণকিশোর স উমাচরণ, গোবিন্দ,গোপাল। উমাচরণ স মনোরঞ্জন, সুরেশচন্দ্র, জ্যোতীশচন্দ্র।

গোবিন্দ স সত্যপ্রসন্ন, বগলাপ্রসন্ন, অচ্যুতপ্রসন্ন।

নবকিশোর স অবিনাশ স করুণাকান্ত, জগদীশ।

নরসিংহ স গোপীনাথ স কালীশঙ্কর স বৈকুণ্ঠ স নলিনীকান্ত, বিজয়চন্দ্র সাং সাংসিদ্ধি।

রাজবল্লভ স রামমোহন কুলভূষণ, রামগতি, সৃষ্টিধর। সৃষ্টিধর স নিমচাঁদ, গোকুল, বংশী। গোকুল স দীনবন্ধু স মহেন্দ্র, দেবেন্দ্র।

গঙ্গারাম চূড়ামণি স শ্রীধর ঘটকাদিত্য, কামদেব ঘটকেন্দ্র।

শ্রীধর স রামসরণ, দুর্গারাম, চতুরানন, রামকান্ত। দুর্গারাম স নন্দরাম, দানমনি স ধনঞ্জয় কবিরত্ন, কালীশঙ্কর, গোরাচাঁদ, কেবলরাম শম্ভুচন্দ্র। কালীশঙ্কর স শ্রীনাথ, গুরুনাথ। শ্রীনাথ স রজনীকান্ত উকীল ঢাকা মুন্সেফী সাং বালিচারা।

কামদেব ঘটকেন্দ্র স রামকেশব ঘটকজিত, রঘুরাম পঞ্চানন। রামকেশব স রামকৃষ্ণ, রূপরাম। রামকৃষ্ণ পঞ্চানন স রাধাকান্ত শিরোমণি স শিবনারায়ণ, দেবীপ্রসাদ। শিবনারায়ণ স কালীকিঙ্কর সরস্বতী স প্রসন্ন স বিপিন, সতীশ, হেমচন্দ্র।

দেবীপ্রসাদ ন্যায়লঙ্কার স মহেশ স রমণীরঞ্জন সাং নশঙ্কর।

রামকেশব স রূপরাম স রামদুর্লভ বিদ্যাবাগীশ স রাধামোহন স জগজ্জীবন, শ্যামাচরণ তর্কভূষণ। জগজ্জীবন স অম্বিকাচরণ, কালীচরণ, ভবতারণ, লক্ষ্মী-চরণ, বনমালী। কালীচরণ স পার্ব্বতীচরণ। শ্যামা-চরণ তর্কভূষণ স রাধিকারঞ্জন সাং খলিসাকোটা জিলা বরিশাল।

রঘুরাম স হরিরাম, কৃষ্ণরাম, জগন্নাথ বৃহস্পতি। হরিরাম স রামনারায়ণ, রামরত্ন বিদ্যাবাগীশ। রাম-নারায়ণ স মহাদেব বিদ্যালঙ্কার স ভোলানাথ স তারক স হরমোহন স কালীপদ সাং নশঙ্কর।

